

গ্লস্টার সিটি কাউন্সিল

সিটিজেন অন্ড গ্লস্টার
এ্যাওয়ার্ড ২০০৯

প্রস্তাব করার ফর্ম
এবং তথ্য



GLOUCESTER
CITY COUNCIL

কিভাবে নামের প্রস্তাব (নমিনেশন) জানাতে হয়

নাম প্রস্তাব করার ফর্মটা ভর্তি করে পাঠানোর আগে দয়া করে এই টীকাগুলি (নোটগুলি) ভাল করে পড়ে নেবেন

এই পুরস্কারটা শুরু করা হয়েছে যাতে স্থানীয় লোকদের জীবন সমৃদ্ধ করার জন্য, দেখাশোনা করা, ব্যবসা, পরিবেশ, ভাল প্রতিবেশী, জনসাধারণকে দেওয়া পরিষেবা অথবা খেলাধুলার মত বিষয়ে ব্যক্তিবিশেষের (বিশেষ করে স্বেচ্ছাসেবী হিসাবে) অসাধারণ অবদানকে এই সিটি কাউন্সিল স্বীকৃতি দিতে পারে।

২০১০ সালের জানুয়ারী মাসে, নর্থ ওয়্যারহাউসে, মেয়রের দেওয়া একটা সন্ধ্যাবেলায় সিভিক অভ্যর্থনা সভায়, সফল ব্যক্তিকে এই পুরস্কারটা দেওয়া হবে। নিমন্ত্রিত অতিথিবৃন্দ এবং কাউন্সিলারদের সামনে, একটা স্মারক প্লেট ও ফ্রেমে বাঁধানো শংসাপত্র (সার্টিফিকেট) দেওয়া হবে।

বিচারকদের প্যানেল

দা রাইট ওয়ারশিপফুল মেয়র অভ্ গ্লস্টার, কাউন্সিলার ক্রিস উইটস;

বিশপ অভ্ গ্লস্টার, দা রাইট রেভারেন্ড মাইকেল পার্হাম;

গ্লস্টার চেম্বার অভ্ ট্রেড এ্যান্ড কমার্স-এর প্রেসিডেন্ট, মিঃ ডেরিক হোয়াইট;

সিটিজেন পত্রিকার সম্পাদক (এডিটর), মিঃ ইয়ান মীন।

২০০৯ সালের নভেম্বর মাসের শেষ দিকে বিজয়ীর নাম ঘোষণা করা হবে।

আমি কি যে কোন লোকের নাম প্রস্তাব করতে পারি ?

হ্যাঁ, যদি আপনার প্রস্তাবিত ব্যক্তি সব শর্তগুলি মিটাতে পারে। এই ব্যক্তিকে হয় গ্লস্টার-এ বাস করতে হবে নয়ত তাদের গ্লস্টার-এর নাগরিকদের সাথে বা ব্যবসায়িকদের সাথে কাজ করতে হবে।

গ্লস্টার-এর নাগরিকরা ব্যাপক ও বিভিন্ন পরিবেশের থেকে এসেছেন এবং তাদের মধ্যে যতগুলি সম্ভব ততগুলি পরিবেশের থেকে আমরা নামের প্রস্তাব করাকে উৎসাহ দিই।

আমি যার নাম প্রস্তাব করতে চাই তাকে কি আমার সেটা জানানো উচিত ?

এটা করার কোন প্রয়োজন নেই, কারণ সফল প্রস্তাবিত ব্যক্তিকে এটা জানিয়ে জিজ্ঞাসা করা হবে যে তিনি এই পুরস্কারটা নিতে রাজী আছেন কিনা। তাছাড়া, যদি তাকে হতাশ হতে হয়, সেইজন্য একজন প্রস্তাবিত ব্যক্তির আশা বাড়িয়ে তোলাটা অন্যায্য হবে।

শেষ তারিখ কবে ?

শুক্রবার ৩০শে অক্টোবর ২০০৯।

এর ফলাফল কি আমাকে জানানো হবে ?

শুধু যদি আপনার প্রস্তাবিত ব্যক্তি সফল হয়। তার পরের একটা তারিখে এই ফলাফলটা সিটিজেন কাগজে ঘোষণা করা হবে।

এই পুরস্কারের কথা কিভাবে প্রচার করা হয় ?

স্থানীয় প্রচারমাধ্যম (খবরের কাগজ/রেডিও), এই কাউন্সিলের ওয়েবসাইট, স্থানীয় ও ডেন্টস্টের সার্জারী, চার্চ, কমিউনিটি গ্রুপ, লাইব্রেরী, ডে সেন্টার ইত্যাদির মাধ্যমে এই পুরস্কারের কথা প্রচার করা হবে। এই প্রস্তাব করার ফর্মটা ট্যুরিস্ট ইন্ফর্মেশন সেন্টার, দা গিল্ডহল (আর্টস সেন্টার), কাউন্সিলের বিভিন্ন অফিসে, GL1 (লেজার সেন্টার), সিটিজেন-এর অফিস, লাইব্রেরী ও মিউজিয়ামগুলিতে পাওয়া যাবে।

ফর্মগুলি যে ঠিকানায় ফেরত পাঠাতে হবে:

Mayor's Secretary,
Citizen of Gloucester Award,
Gloucester City Council,
North Warehouse,
Gloucester Docks, GL1 2EP

প্রস্তাব করার ফর্ম

দয়া করে বড় হাতের লেখা এবং কালো কালি ব্যবহার করবেন

আপনার নাম

আপনার ঠিকানা

পোস্টকোড

যোগাযোগ করার টেলিফোন নম্বর

আপনি যার নাম প্রস্তাব করছেন তার নাম

পদবী

ঠিকানা

পোস্টকোড

যোগাযোগ করার টেলিফোন নম্বর

আপনার প্রস্তাব করার বিষয় (প্রযোজ্য সবগুলিতে টিক্ চিহ্ন দেবেন)



দেখাশোনা করা



ব্যবসা



খেলাধুলা



পরিবেশ



জনসাধারণকে
দেওয়া পরিষেবা



ভাল
প্রতিবেশী

প্রস্তাব করার কারণ

বিভিন্ন ব্যক্তি বিভিন্ন কারণে নাম প্রস্তাব করে থাকেন। গ্লসটারের নাগরিকদের জীবন সমৃদ্ধ করার উদ্দেশ্যে আপনার প্রস্তাবিত ব্যক্তির বিশেষ দরনের কি অবদান আছে সে বিষয়ে আপনাকে সত্য বিবরণ দিতে বলা হচ্ছে, যেমন তিনি কি কি পদে কাজ করেছেন, কোন একটা প্রতিষ্ঠানের ক্রিয়াকলাপের সাথে আপনি কতদিন জড়িত ছিলেন ইত্যাদি। এইসব তথ্য দিতে যদি আপনার গোপনীয়তা ভঙ্গ করতে হয়, তাহলে তা আপনার এই ফর্মে বলা উচিত।

